

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড  
নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১২.০৬.০১৫.১৭

তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রিঃ

প্রাপক:

-----  
-----

সদস্য, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিষয়: “সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির” সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৭/২০২৫ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রশাসক মহোদয়ের দপ্তরে বর্ণিত কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

### আলোচ্যসূচী:-

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। টিসিবি'র কার্যক্রম প্রসঙ্গে।
- ৩। মা ও শিশু সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।
- ৪। সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।



মোঃ আতিকুর রহমান  
জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন



### অনুলিপি (সদয় অবগতির জন্য):-

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৩। পি এ টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

[www.ncc.gov.bd](http://www.ncc.gov.bd)

## সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আতিকুর রহমান জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ ও সভাপতি, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
সভার তারিখ	:	০৯/০৭/২০২৫খ্রি।
সভার সময়	:	সকাল ১০.০০ ঘটিকায়।
সভার স্থান	:	প্রশাসক মহোদয়ের দপ্তর, এনসিসি।

### সভার হাজিরা “সংযোজনী-ক” দ্বারা সংযুক্ত করা হলো।

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব মোঃ আতিকুর রহমান এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। আলোচ্যসূচী অনুসারে আলোচনা শুরু করার জন্য কমিটির সাচিবিক সহায়তা এবং প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুমতি প্রদান করেন।

#### আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

**আলোচনা:** গত সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সিদ্ধান্ত:** কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

#### আলোচ্যসূচী-২: টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

**আলোচনা:** টিসিবি কার্যক্রম প্রসঙ্গে জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্ন আয়ের মানুষের জন্য নিত্য প্রয়োজনীয় পণ্য স্মার্ট কার্ডের মাধ্যমে বিক্রয়ের উদ্যোগ নিয়েছে। ইতোমধ্যে যাদের কার্ড এক্টিভ হয়েছে তারা এ্যাপস এর মাধ্যমে স্মার্ট কার্ড স্ক্যান করে পণ্য তুলতে পারছে। এতে করে আগের মত পণ্য বিতরণে আর ভোগান্তির কোন সুযোগ থাকছেনা। কার্ডধারীরা স্বাচ্ছন্দে পণ্য তুলতে পারছে। যাদের কার্ড এখনো এক্টিভ হয়নি তাদের ডাটা পুনঃনিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত:** নতুন স্মার্ট কার্ড এর ডাটা পুনঃনিবন্ধন প্রক্রিয়া দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্যসূচী-৩: মা ও শিশু সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।

**আলোচনা:** জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা মা ও শিশু সহায়তা কার্যক্রম বিষয়ে সভাকে জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগিতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। গর্ভকালীন অবস্থায় প্রতিজন মা মাসে ৮০০ টাকা হারে ভাতা পেয়ে থাকেন। এই কার্যক্রমের আওতায় গত মে-জুন/২০২৫ মাসে ২৭টি ওয়ার্ড হতে ১৫৪ জন দরিদ্র গর্ভবতী মা এ সুবিধা পেয়েছে। এ কার্যক্রমের মাধ্যমে সিটি কর্পোরেশন হতে প্রতি মাসে ২৭ জন করে উপকারভোগী মা এই সুবিধাটি গ্রহণ করতে পারবে, যা সঠিকভাবে বাস্তবায়নের জন্য ওয়ার্ড সচিবদের সাথে নিয়মিত সভা করা প্রয়োজন।

**সিদ্ধান্ত:** মা ও শিশু সহায়তা কার্যক্রমটি অধিকতর কার্যকর করার লক্ষ্যে প্রতি মাসে ওয়ার্ড সচিবগণের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্যসূচী-৪ : সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ সহায়তা কার্যক্রম প্রসঙ্গে।

**আলোচনা:** প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে সদয় অবহিত করেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে নিজস্ব ব্যবস্থাপনায় সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ক্ষুদ্র ঋণ নীতিমালা প্রনয়ন ও জনবল নিয়োগ সম্পন্ন করেছে। পর্যায়ক্রমে পারিবারিক জরীপ ও প্রাথমিক দল গঠন করা হয়েছে।

**সিদ্ধান্ত:** সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ সহায়তা কার্যক্রম দ্রুত বাস্তবায়নে নির্দেশনা প্রদান করা হয়।

বিবিধতে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আতিকুর রহমান  
জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী  
কমিটি

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।



“সংযোজনী-ক”

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সভার হাজিরা।

সভার স্থান : প্রশাসক মহোদয়ের দপ্তর, এন.সি.সি।

সভার তারিখ : ০৯/০৭/২০২৫খ্রি.।

সভায় উপস্থিতির তালিকা

ক্র: নং	নাম	কমিটিতে দায়িত্ব	স্বাক্ষর
০১	জনাব এ.এইচ.এম কামরুজ্জামান প্রশাসক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সদস্য	
০২	জনাব মোঃ আতিকুর রহমান জেলা শিক্ষা অফিসার নারায়নগঞ্জ।	সভাপতি	
০৩	ডাঃ এ এফ এম মশিউর রহমান সিভিল সার্জন নারায়নগঞ্জ।	সদস্য	
০৪	জনাব মুহাম্মদ ইসমাইল হোসেন যুগ্ম পরিচালক বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ নারায়ণগঞ্জ।	সদস্য	
০৫	জনাব কে. এম. ফরিদুল মিরাজ প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সাচিবিক সহায়তা	